



ইরানে ২ হাজারের বেশি বন্দিকে ক্ষমা করলেন মুজতাবা খামেনি



মুজতাবা খামেনি | ছবি: সংগৃহীত

ইরানে দুই হাজারের বেশি বন্দির সাজা মওকুফ বা হ্রাসের ঘোষণা দিয়েছেন দেশটির সর্বোচ্চ নেতা মুজতাবা খামেনি। তুরস্কভিত্তিক সংবাদ সংস্থা আনাতুলু এজেন্সি এবং ইরানের রাষ্ট্রীয় গণমাধ্যম প্রেস টিভির প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে।

প্রতিবেদনে বলা হয়, বিচার বিভাগের প্রধান গোলাম হোসেন মোহসেনি এজেইয়ের সুপারিশের পর এই সাধারণ ক্ষমার অনুমোদন দেন খামেনি। সিদ্ধান্ত কার্যকর হওয়ার পর অনেক বন্দি মুক্তি পেতে পারেন বলে ধারণা করা হচ্ছে।

তবে রাষ্ট্রীয় নিরাপত্তা ও গুপ্তচরবৃত্তিসংক্রান্ত মামলায় দণ্ডপ্রাপ্তদের এই ক্ষমার আওতার বাইরে রাখা হয়েছে। আন্তর্জাতিক বিভিন্ন গণমাধ্যমে এমন তথ্য উঠে এসেছে।

এর আগে, অর্থনৈতিক সংকট ও দ্রব্যমূল্যের উর্ধ্বগতিকে কেন্দ্র করে গত ডিসেম্বর থেকে ইরানের বিভিন্ন এলাকায় বিক্ষোভ ছড়িয়ে পড়ে। ওই সময় হাজার হাজার মানুষকে আটক করা হয়। বিশ্লেষকদের মতে, দীর্ঘদিনের অর্থনৈতিক চাপ ও মার্কিন নিষেধাজ্ঞার প্রভাব দেশটির পরিস্থিতিকে আরও জটিল করে তুলেছে।